ইত্তেফাক

দৈনিক বাংলা

তারিখ 12/11/80

পৃষ্ঠা 8 কলাম 2

C17

# আজ সকালে বায়তুল মোকাররম চত্বরে ধর্মঘটী প্রাথমিক শিক্ষক সমাবেশ

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদের আহ্বায়ক মোঃ ফজলুর রহমান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়ঃ ঢাকা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলি পৌর কর্পোরেশনের অধীনে ন্যস্ত করার প্রতিবাদে মহানগরীর শিক্ষক-শিক্ষয়িত্রীদের ধর্মঘটের গতকাল (মঙ্গলবার) একাদশ দিবস অতিবাহিত হয়।

প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবীর সংগ্রামকে নস্যাৎ করার জন্য আজ (বুধবার) কর্পোরেশনের মেয়র প্রাথমিক শিক্ষকদের যে সাধারণ সমাবেশ ডাকিয়াছেন উহা বয়কট করার জন্য বিজ্ঞপ্তিতে শিক্ষকদের প্রতি আহ্বান জানান হয়। শিক্ষকদের জোরপূর্বক মেয়রের সভায় লইয়া যাইবার ব্যবস্থা করা হইতেছে বলি-

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষক সমাবেশ

(১ম পৃঃ পর)

য়াও বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হইয়াছে।

আজ (বুধবার) সকাল ৯টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষকদের এক সমাবেশ অনুষ্ঠিত হইবে বলিয়া বিজ্ঞপ্তিতে জানান হয়।

বাংলাদেশের সাম্যবাদী দলের (মার্কসবাদী-লেনিনবাদী) এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রাথমিক বিদ্যালয়গুলি স্থানীয় সরকারের নিয়ন্ত্রণে দেওয়ায় শিক্ষার পরিবেশ ব্যাহত হইবে বলিয়া দাবী করা হয়। তাই অবিলম্বে ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের দাবী মানিয়া লওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিজ্ঞপ্তিতে আবেদন করা হইয়াছে।

জাগরণী সংস্কৃতি পরিষদ এক প্রেসবিজ্ঞপ্তিতে ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবীসমূহ মানিয়া লইয়া শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন জানান।